



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
(www.barisalboard.gov.bd)

স্মারক নং: বশিবো/পনি/উমা/২০২৬/১৫৭৬

তারিখ: ০২ জুন, ২০২৬ খ্রি.


বিষয়ঃ সিসিটিভি ক্যামেরার ব্র্যান্ডের (Brand) নাম, আইডি ও পাসওয়ার্ড এবং ট্রেজারি থেকে যেসকল শিক্ষক, কর্মচারী ও ট্যাগ অফিসার প্রশ্নপত্র গ্রহণ করবে তাদের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর বোর্ডে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের এইচএসসি পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে কেন্দ্রের পরীক্ষা কক্ষ, করিডোর, পরীক্ষা পরিচালনা কক্ষ এবং ভারপ্রাপ্ত কর্মকর্তার কক্ষসহ সকল কক্ষ সিসিটিভি ক্যামেরার আওতায় আনতে হবে। পরীক্ষা কেন্দ্রসমূহের সিসিটিভির DVR/NVR-এর সাথে সার্বক্ষণিক ইন্টারনেট সংযোগ চালু রাখতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে সিসিটিভি ক্যামেরা স্থাপন নিশ্চিত করে পরীক্ষা কেন্দ্রসমূহের নিম্নলিখিত তথ্যসমূহ জরুরিভিত্তিতে ১৫/০৬/২০২৬ তারিখের মধ্যে kamal.rawnak@gmail.com মেইলে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১. সিসি ক্যামেরার ব্র্যান্ডের (Brand) নাম।
২. সিসি টিভি ক্যামেরার আইডি ও পাসওয়ার্ড।
৩. যেসকল শিক্ষক, কর্মচারী ও ট্যাগ অফিসার ট্রেজারি/থানা থেকে প্রশ্নপত্র গ্রহণ করবে তাদের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর।

বিষয়টি অতীব জরুরি।

প্রাপক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল-এর
আওতাধীন সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা।


০২.০৬.২০২৬
প্রফেসর জি.এম. শহীদুল ইসলাম
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
মোবাইল নম্বর: ০১৭১৫০৯৪৫২
ই-মেইল: barisalboard@gmail.com

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল জেলা
২. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪. উপজেলা নির্বাহী কর্মকর্তা, বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল উপজেলা
৫. জেলা শিক্ষা কর্মকর্তা, বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল জেলা
৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল উপজেলা/থানা
৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
৮. অফিস কপি।